

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪২৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন কোন রাতে এক রাকাতের অধিক বিতর সালাত আদায় করতেন মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ كَانَ يُوتِرُ بِأَكْثَرَ مِنْ وَاحِدَةٍ إِذَا صَلَّى بِاللَّيْلِ فِي بَعْضِ اللَّيَالِي دُونَ البعض

আরবী

2428 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللّهِ صَلّى اللّهُ عَلَيْهِ وَسَلّمَ يُصلِي مِنَ الليل ثلاثة عَشْرَةَ رَكْعَةً يُوتِرُ مِنْهَا بِخَمْسٍ لَا يَجْلِسُ فِي شَيْءٍ مِنَ الْخَمْسِ إِلّا فِي آخِرِهِنَّ يجلس ثم يسلم.

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2428 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((صلاة التراويح)) (104 ـ 104)، ((صحيح أبي داود)) (1230): م.

বাংলা

২৪২৮. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রাতে ১৩ রাকা'আত সালাত আদায় করতেন, তন্মধ্যে ৫ রাকা'আত বিতর পড়তেন। ৫ রাকা'আতের শেষে ছাড়া আর কোথাও বসতেন না। তিনি শেষে বসতেন, তারপর সালাম ফেরাতেন।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৭৩৭; সুনান বাইহাকী: ৩/২৭; মুসনাদ আহমাদ: ৬/৫০; আবূ দা্উদ: ১৩৩৮; তিরমিযী: ৪৫৯; সহীহ ইবনু খুযাইমাহ: ১০৭৭; আবূ আওয়ানা: ২/৩২৫; বাগাবী: ৯৬০।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সালাতুত তারাবীহ: ১০৪-১০৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন